২০

দৈনিক সংবাদ

তাং ... 25 APR 1998

পৃষ্ঠা ... ১ কলাম ... ৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৬৪ ভাগ শিক্ষার্থী ছাত্র-রাজনীতি বন্ধের পক্ষে, ৫১ ভাগ চায় শিক্ষক-রাজনীতি বন্ধ

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতকরা ৬৪ ভাগ ছাত্রছাত্রীর মতে, ছাত্র-রাজনীতি বন্ধ করে দেয়া উচিত। ছাত্র-রাজনীতির বিভিন্ন সমস্যা ও সাম্প্রতিক ঘটনার আলোকে দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়কে রক্ষার জন্য হলেও তারা এ মতামত প্রকাশ করেন। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের পক্ষ থেকে পরিচালিত এক গবেষণা প্রতিবেদনে এ চিত্র ফুটে উঠেছে। এ রিপোর্টকে বিভাগীয় একাডেমিক কমিটিও অনুমোদন দিয়েছে বলে জানা গেছে।

'ছাত্র-শিক্ষক সম্পর্ক ঃ প্রেক্ষিত ঢাকা

রাজনীতি ঃ পৃঃ ১১ কঃ ৩

রাজনীতি ঃ বন্ধের পক্ষে

(১ম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়' শীর্ষক এ গবেষণায় বিশ্ববিদ্যালয়ের শতকরা ১৬ ভাগ শিক্ষকও অভিন্ন মতামত দিয়েছেন। এ গবেষণা রিপোর্টে আরো বলা হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের শতকরা ৫১ ভাগ ছাত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষক-রাজনীতিও বন্ধ করে দেয়ার মতামত দিয়েছে।

রিপোর্ট অনুযায়ী গত ২৪ বছরে ছাত্র সংগঠনগুলোর মধ্যে দ্বন্দ্ব-সংঘাতের কারণে ৬২ জন নিহত হয়েছে। এসব কারণে বেশির ভাগ ছাত্রই ছাত্র-রাজনীতির প্রতি কোন আবেদন অনুভব করে না। তবে শতকরা ৫ ভাগ ছাত্রছাত্রী ছাত্র-রাজনীতিকে সরাসরি বন্ধ না করে মূল রাজনৈতিক দলের সাথে ছাত্র-রাজনীতির সম্পর্ক ছিন্ন করার পক্ষে মতামত দিয়েছে।

রিপোর্ট অনুযায়ী শিক্ষক-রাজনীতি ও ছাত্র-রাজনীতির ক্ষতিকর দিকগুলোর কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ নষ্ট হচ্ছে, জাতীয় রাজনীতির নেতিবাচক আচরণের কারণেও শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে।

ছাত্র-শিক্ষক সম্পর্ক মোটেই আশাব্যঞ্জক নয় বরং দিন দিন দূরত্ব বাড়ছে বলে রিপোর্টে মন্তব্য করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ বিভাগের শিক্ষক ডঃ আহাদুজ্জামান মোহাম্মদ আলীর নেতৃত্বে ১৬৫ জন ছাত্রছাত্রী ৫১ জন শিক্ষকের উপর একটি নমুনা গবেষণার ভিত্তিতে এ রিপোর্ট তৈরি করা হয়।